গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : নিতাই চন্দ্র দে সরকার
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

তারিখ : ১১ জুন, ২০২৩, সময় : ১৫.০০ ঘটিকা
স্থান : মিনি কনফারেন্স রুম, ৭ম তলা হাজিরা : পরিশিষ্ট – ক

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রমসহ বিবিধ বিষয়ে আলোচনার জন্য প্রোগ্রাম ম্যানেজারকে অনুরোধ জানান। অতঃপর, সভাপতি কর্তৃক আলোচ্য বিষয়সমূহে সকলের মতামত আহবান করা হয়।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কাজের সংক্ষিপ্ত বর্ণনা, বিগত মাসে প্রকল্পের অগ্রগতি, এই কম্পোনেন্ট এর সম্ভাব্য আউটকাম, চলমান এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে মাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ | প্রস্তুতকৃত দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেজ সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষনের বিষয় আলোচনা হয়।<br>দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি পোর্টাল এর ব্যবহারবিধি নিয়ে প্রস্তুতকৃত | ক) জুলাই ২০২৩ এর মধ্যে প্রকল্প এলাকাধীন সকল উপজেলার DMC ডাটাবেজের উপর প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। একই সাথে ইউপি সচিব ও উপজেলা ডিজিটাল সেন্টার | উপ-প্রকল্প সমন্বয়ক (ICT), প্রোগ্রাম ম্যানেজার, আইসিটি স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ ভিডিও প্রদর্শিত ও এ সম্পর্কে আলোচনা করা হয়। | উদ্যোক্তাদের জন্য অনুরূপ প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। <br>খ) পোর্টালের তথ্য কারা/ কোন পর্যায়ে পর্যন্ত সংযোজন/ সংশোধন করতে পারবে সে বিষয়ে সুস্পষ্টতা থাকতে হবে। <br>গ) National Digital Architecture গাইডলাইন অনুসরণ করে পোর্টাল ডিজাইন করতে হবে। <br>ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে জুনের শেষ সপ্তাহে বা জুলাইয়ের শুরুতে পোর্টাল সংক্রান্ত একটি কর্মশালার আয়োজন করতে হবে। <br>ঙ) প্রশিক্ষণ ভিডিওতে শব্দ সংযোজন করতে হবে ও আরো সহজবোধ্য করে তুলতে হবে। | |
| ০৩। | Advisory Committee সভা | প্রকল্পের টেকনিক্যাল অংশের বিভিন্ন কার্যক্রম এর অগ্রগতি উপস্থাপন ও সে বিষয়ে Advisory committee এর পরামর্শ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ক) ১৮ জুন ২০২৩ এ Advisory committee এর সভা আয়োজনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। <br>খ) প্রস্তাবিত পানি সমতল গেজ ও ল্যান্ড গেজ এর স্থান চিহ্নিত করে ম্যাপ প্রস্তুত করে সভায় উপস্থাপন করে কমিটির সদস্যদের পরামর্শ নিতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও জিআইএস স্পেশালিষ্ট |
| ০৪। | ভয়েজ মেসেজ পোর্টাল | বন্যা মৌসুমে ভয়েস মেসেজের মাধ্যমে আগাম সতর্কবার্তা প্রচারের জন্য সিস্টেম | ১৮ জুন ২০২৩ এ বিটিসিএল, টেলিটক কোম্পানির সাথে ভয়েজ | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার |

| ক্র .নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ডেভেলপমেন্ট ও সিস্টেম টেকসইকরণে উপযুক্ত VOIP সার্ভিস প্রোভাইডার নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | মেসেজ প্রেরণ সম্পর্কিত বিষয়ে আলোচনার উদ্দেশ্যে সভা আয়োজন করতে হবে। | ও কমিউনিকেশন অফিসার |
| ০৫। | তথ্য শিক্ষা যোগাযোগ (IEC) উপকরণ | পানি সমতল গেজ, বন্যায় আগাম করণীয়সমূহ, সতর্কবার্তা প্রাপ্তির উৎস সম্পর্কিত পোস্টার এবং বন্যার পূর্বাভাস ব্যবস্থা ও বিভিন্ন খাতের ক্ষয়ক্ষতি কমাতে করনীয় সম্পর্কে প্রস্তুতকৃত ড্রাফট Brochure নিয়ে আলোচনা হয়। | আগামী জুলাই ২০২৩ মাসের মধ্যে খসড়া তথ্য শিক্ষা যোগাযোগ (IEC) উপকরণসমূহ একটি কর্মশালায় উপস্থাপনের মাধ্যমে ডিডিএম, এলজিইডি, FFWC, CPP সহ অন্যান্য সংশ্লিষ্টদের মতামত গ্রহণপূর্বক চূড়ান্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, জিআইএস স্পেশালিস্ট ও কমিউনিকেশন অফিসার |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০০১.২৩. ৬২ (৫)

তারিখ: ১৮-০৬-২০২৩ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।

০২। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। উপ-প্রকল্প সমন্বয়ক (ICT/ GIS ও RM), প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।

০৫। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৬। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৭। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৮। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

০৯। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১০। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১১। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১২। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

১৩। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট (প্রকল্প সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। অফিস কপি/ গার্ড ফাইল।

(প্রবীর কুমার দাস)
উপ-প্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট